



ওসমান হাদী গুলিবদ্ধ, রাজনৈতিক সহিংসতার নিন্দা মির্জা ফখরুলের



সংগৃহীত ছবি

রাজধানীর পল্টনে শুক্রবার (১২ ডিসেম্বর) বিকেলে গুলিবদ্ধ হন ঢাকা-৮ আসনের স্বতন্ত্র সংসদ প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদী। তাকে গুরুতর আহত অবস্থায় দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। ঘটনাটি রাজনৈতিক অঙ্গনে ব্যাপক প্রতিক্রিয়া সৃষ্টি করেছে।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ফেসবুকে দেওয়া এক বিবৃতিতে বলেন, “গণতন্ত্রে রাজনৈতিক সহিংসতার কোনও জায়গা নেই—কখনোই না। মতাদর্শ ভিন্ন হতে পারে, কিন্তু ভয়ভীতি ও শক্তির রাজনীতি একযোগে প্রত্যাখ্যান করতে হবে।”

তিনি ওসমান হাদীর দ্রুত সুস্থতা কামনা করেন এবং অন্তর্বর্তী সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি কঠোরভাবে তদন্ত করে ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান।

এ ঘটনার পর ডাকসুর সাবেক ভিপি সাদিক কায়মও প্রতিক্রিয়া জানান। তিনি বলেন, “ওসমান হাদীর ওপর হামলা গভীর উদ্বেগজনক। চাঁদাবাজ ও গ্যাংস্টারদের দৌরাভ্যা থেকে ঢাকা শহরকে মুক্ত করতে দ্রুত গণআন্দোলন গড়ে তুলতে হবে।” তিনি রাজধানীর ছাত্র ও জনসাধারণকে সচেতন ও প্রস্তুত থাকার আহ্বান জানান।